যে সকল সংগঠনসমূহ আপনাকে সাহায্য করতে পারে

সিটি অব টরন্টো (City of Toronto) 311

ফেডারেশন অফ মেট্রো টেন্যান্টস অ্যাসোসিয়েশনস (এফএমটিএ - FMTA)

টরন্টোয় ভাড়াটিয়াগণের অধিকার এবং দায়িত্বসমূহ সম্পর্কে প্রশ্নসমূহের উত্তর প্রদান করে।

416-921-9494

hotline@torontotenants.org

ক্যানাডিয়ান সেন্টার ফর হাউজিং রাইটস

অন্টারিওতে যেই ভাড়াটিয়াগণ আবাসন সম্পর্কিত সমস্যাসমূহের সম্মুখীন হচ্ছেন তাদের বিনামূল্যে, গোপনীয় ব্যক্তিনিষ্ঠ পরিষেবাসমূহ প্রদান করে।

416-944-0087

cchr@housingrightscanada.com

লিগ্যাল এইড অন্টারিও

নিম্ন-আয় সম্পন্ন ভাড়াটিয়াগণকে বিনামূল্যে আইনগত পরামর্শ প্রদান করে।

1-800-668-8258

legalaid.on.ca/legal-clinics

সেন্টার ফর ইমিগ্র্যান্ট এন্ড কমিউনিটি সার্ভিসেস (সিআইসিএস - CICS)

টরন্টোয় ভাড়াটিয়াগণের অধিকার এবং দায়িত্বসমূহ সম্পর্কে প্রশ্নসমূহের উত্তর প্রদান করে।

416-292-7510 ext. 1222

housing.support@cicscanada.com

টেক্সট বা হোয়াটসঅ্যাপ (Whatsapp) করুন: 647-473-2065

অতিরিক্ত সংগঠনসমূহ যা আইনগত সাহায্য প্রদান করতে পারে সে সম্পর্কে তথ্যের জন্য, **toronto.ca/EvictionHelp**-এ যান

একাধিক-ভাড়াটিয়া সহ আবাসন (রুমিং) (রেন্টার রাইটস ইন মাল্টি-টেন্যান্ট (রুমিং) হাউসেস) এ ভাড়াটিয়াগনের অধিকারসমূহ

TORONTO

311 toronto at your service

ভাড়াটিয়াগণের জন্য তথ্য

একাধিক-ভাড়াটিয়া (একাধিক কক্ষ সহ বাসস্থান) সহ আবাসনসমূহ হচ্ছে সেই ভবনসমূহ যেখানে চার বা ততোধিক কক্ষ ভিন্ন ব্যক্তিদের কাছে ভাড়া দেওয়া হয়। ভাড়াটিয়াগণ রান্নাঘর ও/বা বাথরুম শেয়ার (ভাগাভাগি) করতে পারেন তবে তারা একক পরিবার হিসাবে একত্রে বাস করেন না।

সিটি বাড়িওয়ালাদের সাথে যৌথভাবে কাজ করবে এবং একাধিক-ভাড়াটিয়া সহ আবাসনটি বন্ধ করবে না যতক্ষণ না গুরুতর অগ্নি বা জীবনের নিরাপত্তা ঝুঁকি চিহ্নিত করা হয়। যে সকল ভাড়াটিয়াদের আগুন বা জরুরী অবস্থায় উদ্বাসনের কারণে তাদের বাড়ি ছাড়তেই হয়, জরুরি সামাজিক পরিষেবাসমূহ স্বল্পমেয়াদী বাসস্থান এবং অপরিহার্য জিনিসসমূহ যেমন পোশাক এবং খাবারে অধিগমন করা সহ সহায়তা প্রদান করতে পারে। ভাড়াটিয়াগণ আরো তথ্যের জন্য 311 নম্বরে টেলিফোন করতে পারেন।

একাধিক-ভাড়াটিয়া সহ আবাসনে আপনার অধিকারসমূহ

- বেশীরভাগ ভাড়াটিয়াই অন্টারিওর রেসিডেন্সিয়াল টেন্যান্সিস অ্যাক্ট (আরটিএ - RTA) দ্বারা সুরক্ষিত। এই আইনসমূহ বাড়িওয়ালাগণ এবং ভাড়াটিয়াগণের অধিকারসমূহ এবং বাধ্যবাধকতাসমূহের রূপরেখা প্রদান করে। আপনার বাড়িওয়ালা একটি আনুষ্ঠানিক ইভিকশন নোটিশ (উচ্ছেদের নোটিশ) ছাড়া আপনাকে উচ্ছেদ করতে পারেন না। এইসকল নোটিশসমূহের **অর্থ এই নয় যে আপনাকে বাসা ত্যাগ করতেই হবে**। আপনি যদি আপনার বাড়িওয়ালার কাছ থেকে একটি ইভিকশন নোটিশ পান, আইনগত পরামর্শ গ্রহণ করুন। যতক্ষণ না আপনার বাড়িওয়ালা ল্যান্ডলর্ড এন্ড টেন্যান্ট বোর্ড (এলটিবি - LTB)-এর কাছে একটি উচ্ছেদ সংক্রান্ত আবেদন দাখিল না করেন এবং এলটিবি (LTB) একটি **অর্ডার অফ ইভিকশন (উচ্ছেদের আদেশ)** জারি না করে, আপনাকে বাসা ত্যাগ করতে হবে না।
- যদি আপনার বাড়িওয়ালা আপনার বিরুদ্ধে উচ্ছেদ সংক্রান্ত আবেদন করেন, আপনি ltb@ontario.ca কে ইমেল করার মাধ্যমে LTB-এর সাথে পরীক্ষা করে দেখে নিতে পারেন এবং আপনার ও আপনার অ্যাপার্টমেন্ট সম্পর্কিত সকল নোটিশসমূহ আপনাকে ইমেল করার জন্য অনুরোধ করতে পারেন। আপনার একাধিক-ভাড়াটিয়া সহ আবাসনটি সিটি দ্বারা লাইসেন্সপ্রাপ্ত না হলেও, আপনি আরটিএ (RTA) দ্বারা সুরক্ষিত। **কেবলমাত্র আবাসনটির লাইসেন্স না থাকার কারণে আপনার বাড়িওয়ালা আপনাকে উচ্ছেদ করতে পারেন না।**

বেশীরভাগ একাধিক-ভাড়াটিয়া সহ আবাসনসমূহের ভাড়াটিয়াগণই আরটিএ (RTA) এর অন্তর্ভুক্ত থাকে যা উচ্ছেদ থেকে সুরক্ষা প্রদান করতে পারে। কিছু ভাড়াটিয়া এর অন্তর্ভুক্ত নন, উদাহরণস্বরূপ, যদি তারা মালিক বা তাদের নিকটবর্তী পরিবারের সাথে রান্নাঘর বা বাথরুম শেয়ার করেন, যদি তারা স্কুলের ছাত্রাবাসে থাকেন, বা তারা যদি কিছু ধরণের রুমমেট সংক্রান্ত পরিস্থিতিতে থাকেন। আপনার আইনগত অবস্থান সম্পর্কে প্রশ্নসমূহের জন্য এফএমটিএ টেন্যান্ট হটলাইন-এ 416-921-9494 নম্বরে টেলিফোন করুন।

আরটিএ (RTA) সম্পর্কে আরো তথ্যের জন্য **https://tribunalsontario.ca/ltb/renting-in-ontario/**-এ যান।

বাড়িওয়ালার দায়িত্বসমূহ এবং কিভাবে একটি অভিযোগ দাখিল করতে হবে

বাড়িওয়ালাগণ বাথরুম, রান্নাঘর এবং হলওয়ে সহ সাধারণ স্থানসমূহ পরিষ্কার এবং রক্ষণাবেক্ষণ করার জন্য দায়বদ্ধ। বাড়িওয়ালাগণের অবশ্যই বর্জ্য এবং কীটপতঙ্গ ব্যবস্থাপনার পরিকল্পনা থাকতে হবে। যদি কীটপতঙ্গ থাকে, তাদের বিস্তার রোধ করার জন্য এবং নির্মূল করার জন্য বাড়িওয়ালাদের অবশ্যই পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আপনার বাড়িওয়ালাকে অবশ্যই সাত দিনের মধ্যে অ-জরুরি পরিষেবা সংক্রান্ত অনুরোধের জন্য এবং 24 ঘন্টার মধ্যে জরুরি পরিষেবা সংক্রান্ত অনুরোধের জন্য সাড়া প্রদান করতে হবে। জরুরী অনুরোধসমূহের মধ্যে জ্বালানী, বিদ্যুৎ, গ্যাস, তাপ, ঠান্ডা বা গরম জলের সমস্যাসমূহ অন্তর্ভুক্ত থাকতে পারে।

আপনার একাধিক-ভাড়াটিয়া সহ আবাসনটির একটি রুম (কক্ষ) বা সাধারণ এলাকা সম্পর্কে আপনার অভিযোগ আছে? আপনার বাড়িওয়ালার সাথে কথা বলুন এবং লিখিতভাবে একটি অভিযোগ জমা দিন।

যদি আপনার বাড়িওয়ালা পদক্ষেপ গ্রহণ না করেন এবং সমস্যাসমূহ অব্যাহত থাকে, 311 এর সাথে যোগাযোগ করুন। একবার আপনার অভিযোগ 311 দাখিল করা হয়ে গেলে, শহরের কর্মচারীগণ তা তদন্ত করবেন এবং যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন।

toronto.ca/311।-এ 311 দ্বারা আপনাকে প্রদত্ত রেফারেন্ (তথ্যসূত্র) নম্বরটি ব্যবহার করে আপনার অনুরোধের অবস্থানটি দেখতে পারেন।

টরন্টোতে একাধিক-ভাড়াটিয়া সহ আবাসন সম্পর্কে আরও তথ্যের জন্য, **toronto.ca/MultiTenantHouses**-এ যান।